গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা
**www.dpe.dhakadiv.gov.bd**

স্মারক নং ৩৮.০১.৩০০০.০০০.৩২.০০৩.২২- তারিখ: চৈত্র ১৪২৯ / মার্চ ২০২৩

## নোটিশ

আগামী ১৬ মার্চ ২০২৩ তারিখ বৃহস্পতিবার বিকাল ০৪.০০ ঘটিকায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (স্টেকহোল্ডারগণের) অংশগ্রহণে ৩য় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সম্মানিত অংশগ্রহণকারীকে নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়:

১। ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা।
২। বিবিধ।

(মীর্জা মো: হাসান খসরু)
বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা

স্মারক নং ৩৮.০১.৩০০০.০০০.৩২.০০৩.২২- তারিখ: চৈত্র ১৪২৯ / মার্চ ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা/সুপারিনটেনডেন্ট, পিটিআই, ঢাকা।
৩. সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/সহকারী সুপারিনটেনডেন্ট, ঢাকা পিটিআই।
৪. উপজেলা/থানা শিক্ষা অফিসার/ইন্সট্রাক্টর, ইউআরসি/টিআরসি (সকল), ঢাকা।
৫. সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার/সহকারী ইন্সট্রাক্টর, ইউআরসি/টিআরসি (সকল), ঢাকা।
৬. জনাব সৈয়দা জান্নাতুন্নাহার ফাতমী, শিক্ষা অফিসার, শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা (সভা আয়োজনের প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৭. সংরক্ষণ নথি।

(মীর্জা মো: হাসান খসরু)
বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
dpe.dhakadiv.gov.bd

# জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মীর্জা মো: হাসান খসরু, বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ। |
| সভার তারিখ | : ১৬ মার্চ ২০২৩ |
| সভার সময় | : বিকাল ৪:০০ ঘটিকা |
| উপস্থিতি | : (সভার হাজিরা সংশ্লিষ্ট ছবি : পরিশিষ্ট-ক-তে সংযোজিত) |

**আলোচ্য বিষয়:**

১। ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা।

২। বিবিধ।

সভাপতি, বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ এর সম্মতিক্রমে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি সভার আলোচ্যসূচি অনুসারে আলোচনা শুরু করেন। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার- ঢাকা, পিটিআই সুপারিনটেনডেন্ট-ঢাকা সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা রিসোর্স সেন্টার এর ইন্সট্রাক্টর, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সহকারী ইন্সট্রাক্টর যথাসময়ে সভায় অংশগ্রহণ করায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অত:পর সভাপতি আলোচ্য বিষয়াবলি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য জনাব সৈয়দা জান্নাতুন্নাহার ফাতমী, শিক্ষা অফিসার, এ দপ্তরকে অনুরোধ করেন । সভার আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক নম্বর | বিষয় | আলোচনা | গৃহীত পদক্ষেপ/সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা | • জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর অগ্রগতি বিষয়ে তাঁর বক্তব্যে জানান যে, তাঁর জেলায় শিক্ষা প্রতিষ্ঠানে সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার চর্চায় নানাবিধ কার্যক্রম অব্যাহত রেখেছেন। তার মধ্যে শিক্ষার্থীদের নৈতিক শিক্ষা প্রদানে বিভিন্ন নীতি বাক্য অনুশীলন, ত্রৈমাসিক মা নির্বাচন করে মায়ের মাধ্যমে শিক্ষার্থীর খোজ খবর রাখা, সততা স্টোর ও শিক্ষার্থীদের অবসর সময়কে ব্যস্ত রাখার বিশেষ কর্মসূচী রয়েছে। বিদ্যালয় পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মসূচি চালিয়ে যাচ্ছেন মর্মে অবহিত করেন।<br>• সুপারিনটেনডেন্ট, ঢাকা পিটিআই তাঁর বক্তব্যে জানান যে, শুদ্ধাচার চর্চায় তাঁর প্রতিষ্ঠানের সকলেই জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নিয়ম মেনে কাজ করার প্রতি সচেতন আছেন ।<br>• সহকারি জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা তাঁর বক্তব্যে জানান যে, রাষ্ট্রীয় সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচারের বিকল্প নেই। শুদ্ধাচারকে সাহায্য করার জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর কার্যক্রম পরিচালিত হচ্ছে। এছাড়াও অধিকাংশ বিদ্যালয়ে সততা স্টোর চালু হয়েছে, প্রতিটি | • জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন করতে প্রত্যেকে নিজ নিজ দায়িত্ব সততার সাথে পালন করতে হবে।<br>• শিক্ষা প্রতিষ্টানে সুশাসন প্রতিষ্ঠায় শিক্ষার্থীদের নৈতিক শিক্ষার অনুশীলন অব্যাহত রাখতে হবে।<br>• সকল সেবা প্রত্যাশীদের আন্তরিকতার সাথে সেবা প্রদান নিশ্চিত করতে হবে।<br>• বিদ্যালয় পর্যায়ে শুদ্ধাচার চর্চা নিশ্চিত করতে হবে। |

| ক্রমিক নম্বর | বিষয় | আলোচনা | গৃহীত পদক্ষেপ/সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | | বিদ্যালয়ে অভিযোগ বক্স খোলা হয়েছে, প্রতিদিন সমাবেশে একটি করে নীতি বাক্য শেখানো হচ্ছে এবং উত্তম চর্চা অনুশীলন চলছে। যথাসময়ে শিক্ষক ও শিক্ষার্থীর বিদ্যালয় এবং শ্রেনিকক্ষে আগমন/প্রস্থান নিশ্চিত করা হয়।<br><br>• ইন্সট্রাক্টর, টিআরসি, কোতয়ালী, ঢাকা তাঁর বক্তব্যে জানান যে, তিনি শুদ্ধাচার চর্চায় সততার সাথে বিদ্যালয় পরিদর্শন করেন। মা সমাবেশ, উঠান বৈঠকে অংশগ্রহণ করে প্রয়োজনীয় পরামর্শ দেন।<br><br>• শিক্ষা অফিসার, গুলশান, ঢাকা তাঁর বক্তব্যে জানান যে, শুদ্ধাচার চর্চায় তিনি সেবা প্রত্যাশী এবং সহকর্মীদের সাথে ভালো ব্যবহার করেন। শিক্ষা প্রতিষ্ঠানে সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার চর্চায় নানাবিধ কার্যক্রম অব্যাহত রেখেছেন। তার মধ্যে শিক্ষার্থীদের নৈতিক শিক্ষা প্রদানে প্রতিদিন সমাবেশে একটি করে নীতি বাক্য অনুশীলন, সততা স্টোর ও শিক্ষার্থীদের অবসর সময়কে ব্যস্ত রাখার বিশেষ কর্মসূচী রয়েছে। এছাড়াও বিদ্যালয় পরিষ্কার-পরিচ্ছন্নতা কর্মসূচি চালিয়ে যাচ্ছেন মর্মে অবহিত করেন।<br><br>• সহকারি শিক্ষা অফিসার, ডিডি অফিস, ঢাকা তাঁর বক্তব্যে জানান যে, শুদ্ধাচার চর্চায় সততার সাথে তাঁর উপর অর্পিত দায়িত্ব পালন করেন।<br><br>• শিক্ষা অফিসার, ডিডি অফিস, ঢাকা তাঁর বক্তব্যে জানান যে, নিজ নিজ দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের সকল কার্যক্রম যথাযথ ভাবে যথাসময়ে সম্পন্ন করতে হবে।<br><br>• সভাপতি তাঁর বক্তব্যে জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সকলকে সচেতন হতে হবে। তিনি উপজেলা ভিত্তিক সকল কার্যত্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত সহ পিটিআই ও ইউআরসি সমুহে পরিচালিত প্রশিক্ষণ সমূহ সঠিকভাবে মনিটর করার প্রতি নির্দেশনা দেন। যথাযথভাবে শিক্ষার্থীদের নির্ধারিত যোগ্যতা অর্জন ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে প্রত্যেকে যার যার অবস্থান থেকে যথাযথ দায়িত্ব পালন করাসহ বিদ্যালয়ে শিক্ষার্থীর উপস্থিতি বৃদ্ধির জন্য কার্যকর অভিভাবক/মা সমাবেশ/হোম ভিজিট করার নির্দেশনা দেন। দূর্বল শিক্ষার্থী চিহ্নিত করে পারগ শিক্ষার্থীর দ্বারা নিরাময়ের ব্যবস্থা বিষয়ে আলোচনা করেন। পাঠ পরিকল্পনা ও উপকরণ ব্যবহার করে শিক্ষকগণ যাতে শ্রেণি পাঠদান করেন সে বিষয়ে মনিটরিং ব্যবস্থা জোড়দার করার নির্দেশনা দেন। | • উপজেলা ভিত্তিক সকল কার্যত্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।<br><br>• শিক্ষার্থীর উপস্থিতি বৃদ্ধির জন্য কার্যকর অভিভাবক/মা সমাবেশ/ হোম ভিজিট করতে হবে।<br><br>• দূর্বল শিক্ষার্থী চিহ্নিত করে পারগ শিক্ষার্থীর দ্বারা নিরাময়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>• পাঠ পরিকল্পনা ও উপকরণ ব্যবহার করে শিক্ষকগণ যাতে শ্রেণি পাঠদান করেন সে বিষয়ে মনিটরিং ব্যবস্থা জোড়দার করতে হবে।<br><br>বাস্তবায়ন: জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ সুপারিনটেনডেন্ট/ সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সহকারী পিটিআই সুপারিনটেনডেন্ট, উপজেলা শিক্ষা অফিসার, ইন্সট্রাক্টর, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সহকারী ইন্সট্রাক্টর, প্রধান শিক্ষক/সহকারী শিক্ষক (সকল)। |
| ২ | বিবিধ | আসন্ন বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২২ ও বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২২ এ সকলকে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করার বিষয়ে আলোচনা করা হয়। | সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে।<br><br>বাস্তাবায়ন: সংশ্লিষ্ট সকল |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মীর্জা মো: হাসান খসরু)
বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ
ফোন: ০২-৪৮০৩১০৬৯
ddddhaka@gmail.com


স্মারক নং -৩৮.০১.৩০০০.০০০.৩৭.০০২.২২- ৩১৯ (৯৮)

তারিখ: ০২ চৈত্র ১৪২৯
১৬ মার্চ ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১. মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/সুপারিনটেনডেন্ট, ঢাকা।
৩. সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/সহকারী সুপারিনটেনডেন্ট, ঢাকা।
৪. উপজেলা/থানা শিক্ষা অফিসার/ইন্সট্রাক্টর ইউআরসি/টিআরসি (সকল), ঢাকা।
৫. সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সহকারী ইন্সট্রাক্টর (সকল), ঢাকা।
৬. প্রধান শিক্ষক/সহকারী শিক্ষক (সকল), ঢাকা।
৭. অফিস কপি ।


(মীর্জা মো: হাসান খসরু)
বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ
ফোন: ০২-৪৮০৩১০৬৯
ddddhaka@gmail.com